

ইমেইল সার্কুলার

১১ এপ্রিল, ২০২২

সম্মানিত সদস্যগণের সদয় অবগতির জন্য প্রচারিত ও প্রকাশিত হলো

২০২২ সালের সদস্যপদ নবায়ন প্রসঙ্গে

ঢাকা চেম্বারের সংঘ বিধিতে প্রতি বছর ১লা জানুয়ারি থেকে ৩১শে মার্চ এর মধ্যে সম্মানিত সদস্য প্রতিষ্ঠানের সদস্যপদ নবায়নের সময়সীমা নির্ধারিত আছে। এই সময়সীমার মধ্যে নবায়ন না করা হলে পরবর্তীতে নবায়নের সময় চেম্বারের সংঘবিধি অনুযায়ী সদস্যপদের নবায়নের ফি/চাঁদার সাথে অতিরিক্ত পুনঃ ভর্তি ফি জমা দিতে হবে (পুনঃ ভর্তি ফি- জেনারেল সদস্য ৯,০০০/- টাকা এবং এসোসিয়েট সদস্য ৬,০০০/-টাকা)।


ঢাকা চেম্বার কর্তৃপক্ষ নবায়নের সময়সীমা বর্ধিত করেছেন। আগামী ২৮ এপ্রিল, ২০২২ তারিখের মধ্যে সম্মানিত সদস্যবৃন্দকে সদস্যপদ নবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, সদস্যপদ নবায়ন ব্যতিরেকে ঢাকা চেম্বার থেকে কোন প্রকার সেবা প্রদান করা হয় না।

সদস্যপদ নবায়নের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স ও ই-টিআইএন (আয়কর জমা রশিদ সহ)-এর সত্যায়িত ফটোকপি আবশ্যিকভাবে চেম্বারে প্রদান করতে হবে। সদস্যপদ নবায়নের ফি সহ অন্যান্য আনুষঙ্গিক চাঁদা/ফি এর হার নিম্নরূপঃ

ক্রঃ নং	শ্রেণি	নবায়ন ফি	মাসিক রিভিউ এর চাঁদা	ত্রাণ তহবিলে অনুদান	সর্বমোট
০১।	জেনারেল	৯,০০০/-	৬৫০/-	৭০০/-	১০,৩৫০/-
০২।	এসোসিয়েট	৬,০০০/-	৬৫০/-	৫০০/-	৭,১৫০/-

ঢাকা চেম্বারের নির্ধারিত কাউন্টার থেকে ডিপোজিট স্লিপ সংগ্রহপূর্বক সদস্যপদ নবায়নের জন্য ফি/অনুদান/চাঁদা ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ব্যাংক হিসাবে নং- **A/C # 1021030298296** ইস্টার্ন ব্যাংক লিঃ, মতিঝিল শাখা, স্বাধীনতা ভবন, ৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ -এ জমা করতে হবে। ডিসিসিআই গুলশান সেন্টার (বিটিআই ল্যান্ডমার্ক, ১২ তলা, প্লট-১৬, ব্লক-সিডব্লিউএস(এ), গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২)-এ যোগাযোগ করে সদস্যপদ নবায়ন করা যাবে। অথবা অনলাইনে সদস্যপদ নবায়নের জন্য নিম্নোল্লিখিত লিংকে ভিজিট করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

“ https://www.dhakachamber.com/membership_renewal_process ”


আফসারুল আরিফিন
মহাসচিব